JUN. 02 2001
তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

# বিএম কলেজে অধ্যক্ষ নেই : ২৩টি সহযোগী অধ্যাপকের পদ শূন্য : শিক্ষার্থীরা উদ্বিগ্ন

শাহীনা আজমীন, *বরিশাল ব্যুরো*

তত্ত্বাবধায়ক সরকার ক্ষমতা গ্রহণের পর সরকারি বিএম কলেজে অধ্যক্ষ নিয়োগ করা হবে– এ খবরে কলেজ ক্যাম্পাসে দারুণ আলোড়ন সৃষ্টি করেছে। কলেজের একটি সূত্র জানায়, শিক্ষা অধিদফতর থেকে তারাও ওই রকম খবরই পেয়েছে। জানা গেছে, কলেজের বদলি হয়ে যাওয়া ৩ জন শিক্ষক ওই পদের প্রত্যাশী। তারা বর্তমানে শহরের অন্য কলেজে রয়েছেন। তাদের একজনের তদবিরে শিক্ষা অধিদফতর এ সিদ্ধান্ত নেয় বলে জানা গেছে। এর ফলে গত জানুয়ারি থেকে অধ্যক্ষের শূন্য পদে কাউকে নিয়োগ দেয়া হচ্ছে না। পাঁচ মাস ধরে পদটি শূন্য থাকায় শিক্ষা প্রতিষ্ঠানটির গুরুত্বপূর্ণ অনেক কাজও পিছিয়ে যাচ্ছে। কলেজ ছাত্র সংসদ অধ্যক্ষ না থাকায় তাদের অভিষেক অনুষ্ঠান করতে না পারায় ক্ষুব্ধ।

এদিকে কলেজের ২৩টি সহযোগী অধ্যাপকের পদ বহু দিন ধরে শূন্য। আবার ১৯ জনকে এক সপ্তাহ আগে পদোন্নতি দিয়ে বদলি করা হয়। বিপরীতে পোস্টিং দেয়া হয় ৮ জনকে। এই বিরাটসংখ্যক শূন্য পদের কারণে শিক্ষা দান মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। ছাত্রছাত্রীরা প্রতিদিনই সংশ্লিষ্ট বিভাগে খবর নিচ্ছেন তাদের নতুন শিক্ষক এসেছেন কিনা। এছাড়াও শিক্ষা অধিদফতর শিগগিরই প্রভাষকদের সহকারী অধ্যাপক পদে পদোন্নতি দিচ্ছে। এ পদোন্নতি কার্যকর হলে কলেজের প্রায় ৩০টি প্রভাষক পদ শূন্য হয়ে যাবে। শিক্ষক সংকটে শিক্ষার্থীরা দারুণ উদ্বিগ্ন।